

২০১০

স্নাতকোত্তর

বাংলা

পাঠপর্যায়-৪

এককক্রম—বি. এল.-২৪০১

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রদত্তমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

- ১। ‘রাজর্ষি’ উপন্যাসের ‘বিসর্জন’ নাটকে রূপান্তরের ক্ষেত্রে কাহিনী, চরিত্র ও বিষয়গত যে সব পরিবর্তন ঘটেছে সংক্ষেপে তার মূল্যায়ন করো।

১০

অথবা

‘রাজর্ষি’-র হাসি ও ‘বিসর্জন’-এর অপর্ণা চরিত্রের তুলনামূলক আলোচনা করে কোন্ চরিত্র অধিকতর শিল্পগুণাস্থিত তা বিশ্লেষণ করে দেখাও।

১০

- ২। বঙ্গদর্শনের পাতা থেকে গ্রন্থাকারে প্রকাশের সময় 'রজনী' উপন্যাসের কোন্ কোন্ পরিবর্তন ঘটেছে তা' সংক্ষেপে আলোচনা করো।

১০

অথবা

'রজনী' উপন্যাসের পাঠান্তরের ফলে অমরনাথ চরিত্রটির শিল্পমূল্যের কী পরিবর্তন ঘটেছে ?

১০

- ৩। কথাস্তর কাকে বলে ? কথাস্তরের বৈশিষ্ট্যগুলি কী কী ? কথাস্তরের সীমাবদ্ধতাগুলি লেখো ?

২+৪+৪

অথবা

রবীন্দ্রনাথ ছড়ার কামচারিতা ও কামরূপখারিতা সম্পর্কে কী বলেছেন, দৃষ্টান্ত দিয়ে আলোচনা করো।

১০

- ৪। 'মেঘদূত' অনুবাদে মন্দাক্রান্তা ছন্দের ব্যবহারের সমস্যা ও সার্থকতা সম্পর্কে আলোচনা করো।

১০

অথবা

নিম্নে উদ্ধৃত অনুবাদ-শ্লোকগুলির মধ্যে কোনটি অধিকতর নির্ভরযোগ্য ও শিল্প-সার্থক বুঝিয়ে দাও—

ধূম জ্যোতিঃ সলিল মরুতাং সন্নিপাতঃ ক মেঘঃ

সন্দেশার্থাঃ কপটুকরণৈঃ প্রাণিভিঃ প্রাপনীয়াঃ।

ইতৌৎসুক্যাদপরিগণয়ন গুহ্যকন্তং যযাচে

কামার্তাহি প্রকৃতি কৃপণাশ্চেতনা চেতনেষু ॥

[পূর্বমেঘ—৪]

অনুবাদ—১

কোথা মেঘ ধূমজ্যোতি-জলবায়ুময় ?

যোগ্যেন্দ্রিয় জীব বাহ্য বার্তা বা কোথায় ?

না বিচারি ব্যগ্রতার বশে এ বিষয়

মেঘের নিকটে যক্ষ প্রার্থনা জানায়।

চেতনা চেতন ভেদবুদ্ধি যারে কয়

কামাতুর স্বভাবতঃ হীন তাহে হয়।

[রাজকৃষ্ণ মুখোপাধ্যায়]

অনুবাদ—২

বাতাস জল ধোঁয়া এবং আলোকের কোথায় মেঘরঙ্গী সমবায়,
কোথায় ইন্দ্রিয়ে সুপটুসজ্জান প্রাণীর প্রাপনীয় সমাচার।
এ ভেদ ভুলে গিয়ে ব্যগ্র বিরহী সে জানালে মেঘে তরে যাচনা,
চেতনে অচেতনে দ্বৈত অবলোপ তাইতো কামুকের স্বাভাবিক

[বুদ্ধদেব বসু]

অনুবাদ—৩

হায়রে কি মুরতি, বাতাস ধোঁয়াজল কেবলি এ তিনের সমাহার
কীসের বদলে কী ? যা আমি মেঘে দেখি মানুষ-জ্ঞানবান রচনা
তারি ব্যগ্রতা ভোলায় বিবেচনা এবং করে তোলে বিমুঢ়
চেতনে অচেতনে অভেদ মনে হয় আমার মত পাকে পড়লে।

[শক্তি চট্টোপাধ্যায়]